

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭০৪

১৯. অনুমতি গ্রহণ অধ্যায় (کتاب الاستئذان)

পরিচ্ছেদঃ ৩৭, ভারবাহী পশুর মালিক উহার পিঠের সামনে বসার অধিক হকদার

باب فِي صَاحِبُ الدَّابَّةِ أَحَقُّ بِصَدْرِهَا

## আরবী

أَخْبَرَنَا سَعِيدُ بْنُ سُلَيْمَانَ عَنْ إِسْحَقَ بْنِ يَحْيَى بْنِ طَلْحَةَ عَنْ الْمُسَيَّبِ بْنِ رَافِعٍ وَمَعْبَدِ بْنِ خَالِدٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ يَزِيدَ الْخَطْمِيِّ وَكَانَ أَمِيرًا عَلَى الْكُوفَةِ قَالَ أَتَيْنَا قَيْسَ بْنَ سَعْدِ بْنِ خَالِدٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ يَزِيدَ الْخَطْمِيِّ وَكَانَ أَمِيرًا عَلَى الْكُوفَةِ قَالَ أَتَيْنَا قَيْسَ بْنَ سَعْدِ بْنِ عُبَادَةً فِي بَيْتِهِ فَأَذَّنَ الْمُؤَذِّنِ لِلصَّلَاةِ وَقُلْنَا لِقَيْسٍ قُمْ فَصَلِّ لَنَا فَقَالَ لَمْ أَكُنْ لِأُصلِي بِقَوْمٍ لَسْتُ عَلَيْهِمْ بِأَمِيرٍ فَقَالَ رَجُلُ لَيْسَ بِدُونِهِ يُقَالُ لَهُ عَبْدُ اللَّهِ بْنُ حَنْظَلَةَ بْنِ الْغَسِيلِ بِقُومٍ لَسْتُ عَلَيْهِمْ بِأَمِيرٍ فَقَالَ رَجُلُ لَيْسَ بِدُونِهِ يُقَالُ لَهُ عَبْدُ اللَّهِ بْنُ حَنْظَلَةَ بْنِ الْغَسِيلِ بَقَوْمٍ لَسْتُ عَلَيْهِمْ بِأَمِيرٍ فَقَالَ رَجُلُ لَيْسَ بِدُونِهِ يُقَالُ لَهُ عَبْدُ اللَّهِ بْنُ حَنْظَلَةَ بْنِ الْغَسِيلِ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الرَّجُلُ أَحَقُّ بِصَدْرِ دَابَّتِهِ وَصَدْرِ فِرَاشِهِ وَأَنْ يَوَمُ وَلِهِ فَي رَحْلِهِ قَالَ قَيْسُ بْنُ سَعْدٍ عِنْدَ ذَاكَ يَا فُلَانُ لِمَوْلًى لَهُ قُمْ فَصَلِّ لَهُمْ

## বাংলা

২৭০৪. কু'ফার আমীর আনুল্লাহ ইবনু ইয়াযীদ আল খাত্বমী (রহঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আমরা কাইস ইবনু সা'দ ইবনু উবাদাহ রাদ্বিয়াল্লাভ্ আনভ্ এর বাড়িতে তার নিকট এলাম। তখন মুয়াযযিন সালাতের জন্য আযান দিলেন। তাই আমরা কাইস রাদ্বিয়াল্লাভ্ আনভ্কে বললাম, আপনি উঠে আমাদের নিয়ে সালাত আদায় করন। তখন তিনি বললেন, আমি যাদের আমীর নই, সেই লোকদের নিয়ে আমি কিছুতেই সালাত আদায় করব না। আন্দুল্লাহ ইবনু হান্যালাহ ইবনুল গাছিল নামক এক ব্যক্তি যিনি নিকটে ছিলেন না, তিনি বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: "মানুষ নিজেই তার বাহনের পশুর (মর্যাদাপূর্ণ) অগ্রভাগের, তার বিছানার (মর্যাদাপূর্ণ) অগ্রভাগের এবং তার বাড়িতে ইমামতি করার সর্বাধিক হকদার।" এ সময় কাইস ইবনু সা'দ তার এক গোলামকে বললেন, হে অমুক, উঠে তাদের কে নিয়ে সালাত আদায় করো।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যয়ীফ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মাজমাউয যাওয়াইদ নং ২৩৬৩ তে। তবে এর কয়েকটি শাহিদ



রয়েছে যা একে শক্তিশালী করে। এ ব্যাপারে আমার বিস্তারিত আলোচনা করেছি মাজমাউয যাওয়াইদ নং ২৩৬৩ তে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু ইয়াযীদ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন